দৈনিক
ইত্তেফাক

তারিখ : [illegible] DEC 2017
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

# মানসম্মত শিক্ষা নিশ্চিত করাই সরকারের লক্ষ্য : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, মানসম্মত শিক্ষা অর্জনই এখন আমাদের অগ্রাধিকার। গুণগত মানের শিক্ষা নিশ্চিত করাই সরকারের লক্ষ্য। একই সাথে আমাদের নতুন প্রজন্মকে সততা, নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। শিক্ষামন্ত্রী বৃহস্পতিবার রাজধানীর উত্তরায় মাইলস্টোন কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান, মাইলস্টোন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ সহিদুল ইসলাম, কলেজের উপদেষ্টা কর্নেল (অব.) নুরুন নবী, মাইলস্টোন কলেজের প্রশাসনিক অধ্যক্ষ লে. কর্নেল এম. কামালউদ্দিন ভূঁইয়া (অব.), প্রশাসনিক পরিচালক মোঃ মাসুদ আলম প্রমুখ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের জন্য ২০০৯ সাল থেকে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করা হচ্ছে। এবার ২০১৮ শিক্ষাবর্ষে ৩৫ কোটি ৪২ লাখ ৯০ হাজার ১৬২টি বই বিতরণ করা হবে। বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের ফলে দরিদ্র পরিবারের ছেলেমেয়েরাও স্কুলে আসছে।